

পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা - ১০০০।

পসব্য/প্রকা/প্রশ-১৩ /২০২২-২৩- ১০৬১৫

তারিখ : ১২.০২.২০২৩ খ্রি.

বিষয়ঃ উচ্চ পর্যায়ের তদারকি টীম গঠন সংক্রান্ত।

পল্লী সঞ্চয় ব্যাংকের চলমান কার্যক্রম আরও গতিশীল এবং সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সম্মানিত পরিচালনা বোর্ডের নির্দেশনাক্রমে উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব খান ইকবাল হাসানকে সভাপতি করে নিম্নোক্তভাবে ৬ সদস্যের একটি উচ্চ পর্যায়ের তদারকি টীম গঠন করা হলো।

ক্রমিক নং	নাম ও পদবী	গঠিত কমিটির পদবী
০১	জনাব খান ইকবাল হাসান, উপ-ব্যবস্থাপনা পরিচালক	সভাপতি
০২	জনাব দীপংকর রায়, মহাব্যবস্থাপক	সদস্য
০৩	জনাব মোঃ আলা উদ্দিন, উপ- মহাব্যবস্থাপক	সদস্য
০৪	জনাব নজির আহমদ, সিনিয়র কন্সালটেন্ট	সদস্য
০৫	জনাব অসিত রঞ্জন পাল, কন্সালটেন্ট (বন ও ইকোসিস্টেম)	সদস্য
০৬	জনাব প্রভাস চন্দ্র দাস, কন্সালটেন্ট	সদস্য সচিব

উল্লিখিত টীমের সদস্যগণ উপকারভোগী সদস্যদের মাসিক সঞ্চয় ও বিতরণকৃত ঋণের কিস্তি নিয়মিতভাবে আদায় কার্যক্রম মনিটরিং করবেন এবং কর্ম এলাকার সমিতি বহিঃভূত সকল দরিদ্র মানুষকে সমিতিভুক্ত করে পল্লী সঞ্চয় ব্যাংকের সেবার আওতায় নিয়ে আসার উদ্যোগ গ্রহণ করবেন। এছাড়া অনাদায়ী ও মেয়াদোত্তীর্ণ ঋণে করণীয় বিষয়ে পরিকল্পনা প্রণয়ন করে অগ্রাধিকার ভিত্তিতে মাঠ পর্যায়ে নিয়মিত শাখা ও সমিতি ভিজিট করে পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করবেন।

করোনা সংক্রান্ত বৈশ্বিক বিপর্যয়ে পল্লী সঞ্চয় ব্যাংকের দরিদ্র উপকারভোগী অনিয়মিত সদস্যদের চলমান কার্যক্রমের মূল ধারায় ফিরিয়ে আনার লক্ষ্যে ঋণের শ্রেণিবিন্যাস করে রি-সিডিউল ও কু-ঋণ ঘোষণাসহ প্রয়োজনীয় যথাযথ উদ্যোগ গ্রহণ করে বাস্তবায়ন সংক্রান্ত তদারকি জোরদার করবেন এবং এ সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন সম্মানিত পরিচালনা বোর্ডকে অবহিতকরণের জন্য নিম্নস্বাক্ষরকারী বরাবর পেশ করবেন।



(শেখ মোঃ জামিনুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে -

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৩. স্টাফ অফিসার টু উপ- ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৪. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৫. উপ-মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক
৬. সংশ্লিষ্ট পরামর্শকগণ, পল্লী সঞ্চয় ব্যাংক।
৭. নথি।

